ক্রীড়ায় শ্রেষ্ঠত্ব
Excellence in Sports

জিরানী, সাভার, ঢাকা।
প্রশাসন শাখা
www.bksp.gov.bd

**নম্বর:** ৩৪.০৪.০০০০.০০০.০০১.১৮.০৭৬১.১৬.৯৮০

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) জন্য রাজস্ব খাতভুক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকগনের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | উপপরিচালক (ক্রীড়া বিজ্ঞান)<br>৪৩০০০-৬৯৮৫০/-, (গ্রেড-৫ম)<br>(রাজস্ব, অস্থায়ী) | ১ (এক) টি | অনূর্ধ্ব- ৫০ বছর | (ক) ক্রীড়া বিজ্ঞান (এমবিবিএস/ এমপিএড/ সাইকোলজী, পদার্থ/ ফলিত পদার্থ বিজ্ঞান/ বায়োমেকানিক্স/ স্পোর্টস মেডিসিন) বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীসহ সংশ্লিষ্ট ক্রীড়া বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণির ডিপ্লোমা; অথবা<br><br>(খ) ক্রীড়া বিজ্ঞান (এমবিবিএস/ এমপিএড/ সাইকোলজী, পদার্থ/ ফলিত পদার্থ বিজ্ঞান/ বায়োমেকানিক্স/ স্পোর্টস মেডিসিন) বিষয়ে ১ম শ্রেণির মাস্টার্স/২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণির মাস্টার্স তৎসহ ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা । |
| ২. | নির্বাহী প্রকৌশলী<br>৩৫৫০০-৬৭০১০/-, (গ্রেড-৬ষ্ঠ)<br>(রাজস্ব, স্থায়ী) | ১ (এক) টি | অনূর্ধ্ব- ৪০ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ইঞ্জিনিয়ারিং (সিভিল)এ স্নাতক ডিগ্রী; এবং<br><br>(খ) কোন সরকারি স্বায়ত্তশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী হিসাবে অন্যূন আট বৎসরের অভিজ্ঞতা। |
| ৩. | কোচ<br>[টেনিস-০২ (১জন পুরুষ ও ১জন মহিলা), ক্রিকেট-০১, ফুটবল-০১]<br>২২০০০-৫৩০৬০/-, (গ্রেড-৯ম)<br>(রাজস্ব, স্থায়ী) | ০৪ (চার) টি | অনূর্ধ্ব-৪০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারী:<br><br>তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে ডিপ্লোমার প্রয়োজন হবে না, যথা:-<br><br>(ক) জাতীয় দলের সাবেক বা বর্তমান কোন খেলোয়াড়;<br>(খ) জাতীয় দলের প্রশিক্ষক;<br>(গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কোচিং বিষয়ে ডিগ্রীপ্রাপ্ত;<br>(ঘ) কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে কোচ হিসেবে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন;<br>(ঙ) আন্তর্জাতিক প্রতিযোগিতায় পদকপ্রাপ্ত; অথবা<br>(চ) আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত কোন কোচিং কোর্সে সার্টিফিকেট বা লাইসেন্সপ্রাপ্ত। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | পেশ ইমাম<br>১০২০০-২৪৬৮০/-, (১৪ গ্রেড)<br>(রাজস্ব, স্থায়ী) | ০১ (এক) টি | অনূর্ধ্ব-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীতে কামিল পাস:<br><br>তবে শর্ত থাকে যে, কোরআন এ হাফেজ প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |

-

**আবেদন করার নিয়মাবলী:**

২। আবেদন ফরম পূরন এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. নির্ধারিত ফরমে আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ৩ (তিন) কপি ৫X৫ সে.মি সাইজের সত্যায়িত ছবিসহ মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), জিরানী, সাভার, ঢাকা-এর বরাবর স্ব-হস্তে লিখিত আবেদন জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ আগামী **০৯/০৭/২০২৬** তারিখের মধ্যে ডাকযোগে অথবা অফিসে রক্ষিত বাক্সে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাইতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না।

খ. সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে।

ঘ. প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত রয়েছেন এইরূপ বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

ঙ. ৩১/০৫/২০২৬ তারিখে প্রার্থীর বয়স আবেদনে উল্লেখ করতে হবে।

চ. খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

ছ. আবেদনকারীকে ১, ২ ও ৩ নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ৪নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, উত্তরা ব্যাংক লিঃ -এর যে কোন শাখা হতে মহাপরিচালক, বিকেএসপি-এর অনুকূলে দরখাস্তের সাথে জমা দিতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

জ. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঝ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় আহ্বান করা হবে।

ঞ. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রসমূহের মূল কপি প্রদর্শনপূর্বক অতিরিক্ত ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিলযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ :

১. ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

২. সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি এবং প্রযোজ্য ক্ষেত্রে লাইসেন্স/অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি;

৩. বাংলাদেশের স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ;

৪. জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

৫. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সিল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

৬. মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গানার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৭. ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৮. শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

ট. নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শুন্য পদসমুহ সাধারণ মেধা তালিকা হতে পূরন করা হবে।

ঠ. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশী স্থায়ী নাগরিক হতে হবে।

ড. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঢ. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারন দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গন্য হবে।

ণ. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ত. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

থ. আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে চাকরি করতে বাধ্য থাকবেন।

দ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.bksp.gov.bd) এ পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য উল্লিখিত ওয়েবসাইটের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

ধ. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে, ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোন সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ন. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

প. উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।



১৪-০৬-২০২৬
মোহাম্মদ সাইফ উল্লাহ
মহাপরিচালক

নম্বর: ৩৪.০৪.০০০০.০০০.০০১.১৮.০৭৬১.১৬.৯৮০/১ (১)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

.

., . ।



১৪-০৬-২০২৬
মোহাম্মদ সাইফ উল্লাহ
মহাপরিচালক